

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৭৬

প্রব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ - আসর সালাতের পর যুহরের সুন্নাত আদায়ের বিধান

আরবী

وَعَنْ أَمْ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: صَلَّى رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ الْعَصْرَ, ثُمَّ دَخَلَ بَيْتِي, فَصَلَّى رَكْعَتَيْنِ فَسَأَلْتُهُ, فَقَالَ: «شُغِلْتُ عَنْ رَكْعَتَيْنِ بَعْدَ الظُّهْرِ, فَصَلَّيْتُهُمَا الْآنَ»، قُلْتُ: أَفْنَقْضِيهِمَا إِذَا فَاتَتْنَا قَالَ: «لَا». أَخْرَجَهُ أَحْمَدُ

ضعيف. رواه أحمد (6/ 315) وفي «الأصل» بيان علة الضعف مع الرد على تحسين الشيخ عبد العزيز بن باز _ حفظه الله_ للحديث في تعليقه على «الفتح» (2/ 65)

বাংলা

১৭৬। উন্মু সালামাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের সালাত আদায় করার পর আমার ঘরে তাশরীফ আনলেন। অতঃপর দু'রাক'আত সালাত আদায় করলেন। আমি তাঁকে এ প্রসঙ্গে জিজ্ঞেস করলে তিনি বললেন: "যুহরের পরের দু'রাকাত সুন্নাত সালাত সময়ে অভাবে পড়া হয় নি তাই এখন তা পড়ে নিলাম" আমি তাকে বললাম: "আমরাও কি তা ছুটে গেলে (এভাবে কাযা হিসেবে) পড়ে নিব?" নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বললেন: "না। (তা করবে না)।[1]

ফুটনোট

[1] যঈফ। আহমাদ ২৬১৩৮, নাসায়ী ৫৭৯, ৫৮০, ইবনু মাজাহ ১১৫৯, দারেমী ১৪৩৬; শাইখ বিন বায তাঁর বুলুগুল মারামের হাশিয়া (১৫৮) গ্রন্থে এর সনদকে উত্তম বলেছেন। তবে এর প্রতিবাদ করা হয়েছে। যেমন শাইখ সালিহ আল ফাওয়ান তাঁর মিনহাতুল আল্লাম কী শরহে বুলুগুল মারামে (১৭৬, ১৭৭) গ্রন্থে বলেন, এ হাদীসের দুটি ক্রটি রয়েছে। প্রথমতঃ যাকওয়ান (আবু আমার আল মাদানী) ও আবু সালামার মাঝে বিচ্ছিন্নতা রয়েছে।



দ্বিতীয়তঃ র্য قال র ইবনু হাযম তাঁর মুহাল্লা (২/২৭১) গ্রন্থে ইমাম বাইহাকীর কথা নকল করে বলেন, এ অতিরিক্ত অংশটি দুর্বল। এর দ্বারা দলীল সাব্যস্ত হয় না। (ফাতহুল বারী ২/৬৪)। ইবনু হাযম তাঁর মুহাল্লা (২/২৬৭) গ্রন্থে হাদীসটিকে মুনকার ও মুনকাতি' বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন